



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং: ২৫/২০২৪

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (জেনারেল)' পদে নিয়োগের জন্য প্যানেল হতে নির্বাচিত প্রার্থীদের
বরাবর অফার লেটার ইস্যুকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (জেনারেল)' পদে নিয়োগের উদ্দেশ্যে ১০/০৫/২০২২ তারিখে প্রকাশিত নিয়োগ
বিজ্ঞপ্তি নং-২৬/২০২২-এর প্রেক্ষিতে গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রণীত প্যানেল হতে ৫৭ জন প্রার্থীকে ২৩/১০/২০২৩
তারিখের বিজ্ঞপ্তি নং-৬০/২০২৩-এর মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়। তন্মধ্যে ৫১ জন প্রার্থীকে চূড়ান্তভাবে নির্বাচিত করে
২১/০৩/২০২৪ তারিখের বিজ্ঞপ্তি নং-২০/২০২৪-এর মাধ্যমে অনলাইন অফার লেটার ইস্যু করা হয়। এক্ষেত্রে, নিম্নে বর্ণিত রোল
নম্বরধারী অবশিষ্ট ০৬ জন প্রার্থী বরাবর অফার লেটার অনলাইনে ইস্যুর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট
(<https://erecruitment.bb.org.bd>)-এ প্রস্তুত করা হয়েছে:

৮৮৮০৮২, ৭৪৪৮৫৮, ৮৭২৯৮৩, ৮২০৯০৬, ৮৫৭৮০৯ এবং ৭১৯৮৮৪ = ০৬ জন

উপরে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণ স্ব স্ব CV ID ও Password ব্যবহার করে নিজ নিজ অফার লেটারের কপি ও সংশ্লিষ্ট
দলিলাদি ২৮/০৩/২০২৪ তারিখ হতে ডাউনলোড করতে পারবেন। নির্বাচিত প্রার্থীগণকে আগামী ২১/০৪/২০২৪ তারিখ পূর্বাঙ্ক বা
তৎপূর্বে পরিচালক (এইচআরডি-১), হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকায় রিপোর্ট করার
পরামর্শ প্রদান করা হলো। বর্ণিত সময়ের মধ্যে কোনো প্রার্থী রিপোর্ট না করলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(হুসনে আরা শিখা)

পরিচালক (এইচআরডি-১)